



postpollcomplain2024 <postpollcomplain2024@gmail.com>

(no subject)

1 message

DGP WEST BENGAL <dgpwestbengal@gmail.com>

Sun, Sep 1, 2024 at 3:34 PM

To: "postpollcomplain2024@gmail.com" <postpollcomplain2024@gmail.com>, DGP WB OFFICE
<dgpofficewbconfidential@gmail.com>

----- Forwarded message -----

From: Rajib singh <rajibsingh4071@gmail.com>

To: "dgpwestbengal@gmail.com" <dgpwestbengal@gmail.com>

Sent: Sunday, 1 September, 2024 at 03:28:06 pm IST

Subject:

আমাকে তুলে নিয়ে গিয়ে শারীরিক ও মানসিক অত্যাচার
করার পরিকল্পনা।

14:14

To
The O/C,
Jibantala PS, South 24 Pgs

মহাশয়,

আমার নিবেদন এই যে, আমি রঞ্জিত দাস, পিতা অমিয় দাস, মঠেরদীঘি অঞ্চলের বাসিন্দা। আমি ভারতীয় জনতা পার্টির সমর্থক এবং ২৬১ নম্বর বুথের বুথ সভাপতি। ২০২১ সালের ভোট পরবর্তী সময়ে বিজেপি করার অপরাধে তৃণমূল আশ্রিত দুষ্কৃতিরা আমাকে বাড়িতে থাকতে দেয় না। এমত অবস্থায় আমি হাইকোর্টের অর্ডার নিয়ে বাড়িতে থাকি। ২০২৪ সালের লোকসভা ভোটের সময় ভারতীয় জনতা পার্টির বুথ এজেন্ট হিসেবে আমি দায়িত্ব পালন করি। তারপর থেকে টিএমসি আশ্রিত দুষ্কৃতিরা আমাকে বাড়ি ছেড়ে চলে যাওয়ার জন্য হুমকি দিতে থাকে। আজ অর্থাৎ 19 2024 তারিখ সকাল সাড়ে নটার দিকে আমি আমার জামাই বাড়ি যাই। জামাই বাড়ি, কালিবাড়ি বাজার থেকে ফেরার সময় গায়েন পাড়ার মুখে টিএমসি আশ্রিত দুষ্কৃতি হোসেন শেখের কথায় যবেদ শেখ, নুর ইসলাম শেখ, শহর আলী মীর, সিরাজ সেখ, ও আরো বেশ কিছু দুষ্কৃত মিলে আমাকে ঘিরে ধরে তুলে নিয়ে যাচ্ছিল। আমি জোরে বাইক চালিয়ে কোনো রকমে পালিয়ে কোনমতে প্রাণে বাঁচি।

ওরা আমাকে ধরার জন্য পিছনে তাড়া করে, আমার বাড়ির কাছাকাছি চলে আসে। আমি কোন রকমে বাড়িতে ঢুকে যাই। ওরা আমায় ধরতে না পেরে বাড়ির কাছাকাছি এসে অশ্রাব্য ভাষায় গালিগালাজ করে। স্বাধীন দেশের নাগরিক হিসেবে বিজেপি করা কি কোন অপরাধ?

অতএব মহাশয় যাহাতে আমি আমার বাড়িতে সুস্থ স্বাভাবিকভাবে থাকতে পারি এবং এই ঘটনার পুনরাবৃত্তি যাতে না হয়। ও অপরাধীরা উপযুক্ত শাস্তি পায় তার জন্য আপনার কাছে অনুরোধ জানাচ্ছি।

ইতি

রঞ্জিত দাস

9907903231

13:38